যুগান্তর

তারিখ 27 JUN 2003
পৃষ্ঠা 8 কলাম 8

# বাংলাদেশের উচ্চশিক্ষার ব্যয়

দেশে এখন যুব সমস্যা এবং এর সঙ্গে জড়িত সমস্যাগুলো মারাত্মক পর্যায়ে। এসব সমস্যার মূলে রয়েছে সীমাহীন বেকারত্ব। আমাদের দেশে প্রতিবছর কয়েক লাখ শিক্ষার্থী বের হয় বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য সংস্থা থেকে। অথচ এদের বেশিরভাগেরই কোন কর্মসংস্থান হচ্ছে না। আমাদের মতো তৃতীয় বিশ্বের একটি অন্যতম দরিদ্র দেশ, যার বাজেট তৈরি হয় বিদেশী সাহায্যে, সেই দেশে এত হায়ার এডুকেশন কি অবাস্তব নয়? মার্কিন যুক্তরাষ্ট্রের মতো সবচেয়ে ধনী দেশেও 'হায়ার এডুকেশনের' হার আনুমানিক মাত্র ২৫%। সেখানে হায়ার এডুকেশনের জন্য স্টেট ইউনিভার্সিটিকে প্রতি সেমিস্টারে টিউশন ফি দিতে হয় ১২০০-১৬০০ ডলার। তার ওপর আছে বই ও স্টেশনারি। যুক্তরাষ্ট্রের মতো সবচেয়ে ধনী দেশের সরকারও আমাদের দেশের মতো প্রায় বিনামূল্যে উচ্চশিক্ষার সুযোগ দেয় না। আমেরিকার স্টেট ইউনিভার্সিটি ছাড়া যেগুলো বেসরকারি সেগুলোতে পড়তে গড়পড়তা ২০০০-৭০০০ ইউএস ডলার টিউশন ফি দিতে হয় প্রতি সেমিস্টারে। কিন্তু সবচেয়ে উল্লেখযোগ্য ব্যাপার হল সেখানকার ছাত্রদের ইউএস সরকারের হাইস্কুল পর্যন্ত ছেলেমেয়েদের পড়ানোর দায়িত্ব। এরপর নিজেকে উপার্জন করে পড়তে হয়। হাইস্কুলের পরে কলেজ, বিশ্ববিদ্যালয়ে পড়তে হলে সেই স্টুডেন্টকে ভাল অংকের টিউশন ফি দিতে হয় অথবা মেধার জোরে টিউশনের কিছুটা ছাড় পায়। সেই ছাড়ও স্বল্পসংখ্যক ছাত্রছাত্রী পায়। এত বেশি টিউশন ফি দিতে হয় বলে অনেকেই ইচ্ছা থাকলেই হায়ার এডুকেশন নিতে পারে না। সেখানকার শিক্ষার মানও অনেক উন্নত। আমাদের দেশের মতো মাস্টার্স করা ছাত্রের একটা বায়োডাটা লিখতে পাঁচ জায়গায় ভুল হয় না। সেখানে এত ফি যোগাড় করে পড়াটাও খুব কষ্টসাধ্য। সেই কারণে পড়াশোনার প্রতি ছাত্রছাত্রীর অনেক মমত্ববোধ থাকে। কোনরকম হরতাল, দাঙ্গাবাজি করার সুযোগ নেই। অথচ আমাদের দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলো মাত্র ২০-৩০ টাকা কোর্স ফি দিয়ে ছাত্রছাত্রী পড়িয়ে যাচ্ছে এবং উচ্চশিক্ষা প্রদান করে থাকে। হাজার হাজার মাস্টার্স প্রতিবছর বের হচ্ছে। কয়টা নতুন ইন্ডাস্ট্রি, কয়টা নতুন চাকরি এ দেশে প্রতিবছর তৈরি হয়? ফলে প্রতি বছরই বাড়ছে অসংখ্য বেকার। যে ছেলেটি এত আশা নিয়ে ছয়-সাত বছর ধরে পড়ালেখা করছে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির জন্য, যার ওপর পরিবারের এত আশা-ভরসা, সেই ছেলে যখন চাকরির উপায় না দেখে তখন সে তো হতাশাগ্রস্ত হবেই এবং সেটাই স্বাভাবিক। সে যদি সন্ত্রাসী হয়, মাদকাসক্ত হয়, তবে সেটা কার দোষ? এর বদলে বাস্তবসম্মত শিক্ষা ব্যবস্থা কি হওয়া উচিত নয়? আমাদের দেশের নেতারা, নীতিনির্ধারকরা আর কতদিন এই শিক্ষা ব্যবস্থা জিইয়ে রেখে ছাত্রছাত্রীদের এভাবে ব্যবহার করবে শুধু তাদের নিজস্ব প্রয়োজনে? এত অসঙ্গতিপূর্ণ শিক্ষা ব্যবস্থায় এত তথাকথিত উচ্চশিক্ষিত হওয়ায় সামাজিক সন্ত্রাস ও অন্যান্য সন্ত্রাস বাড়ছে এবং এসব কারণে কোন একদিন কি আমাদের দেশেও আর্জেন্টিনার মতো অবস্থা হবে? আর্জেন্টিনায় হাজার হাজার শিক্ষিত বেকার দেশে অচলাবস্থার সৃষ্টি করেছিল।

**জীবন আহসান**
কানাডা